

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bb.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৩

তারিখঃ ১৭ মাঘ, ১৪১৮ বঙ্গাব্দ।  
৩০ জানুয়ারী, ২০১২ খ্রীষ্টাব্দ।

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী

প্রিয় মহোদয়,

## Uniform Accounting Procedure for REPO Transaction

উপর্যুক্ত বিষয়ে ১৫ জুলাই, ২০১০ তারিখের ডিওএস সার্কুলার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে রেপো লেনদেনের অনুসরণীয় পদ্ধতি সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়েছিল যা আন্তঃব্যাংক এবং বাংলাদেশ ব্যাংকের সাথে রেপো উভয় ক্ষেত্রেই সমভাবে প্রযোজ্য। উল্লেখ্য যে, উক্ত সার্কুলারে সব রেপো লেনদেন Outright buy/sell হিসেবে বিবেচনা করা হয়েছে। সরকারী সিকিউরিটিজের প্রাইমারী ডিলার ব্যাংকগুলো তাদের ক্রয়কৃত সিকিউরিটিজের বিপরীতে সিকিউরিটিজের ইস্যু তারিখ থেকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত মেয়াদের জন্য Liquidity Support পেয়ে থাকে যা রেপো লেনদেনের মাধ্যমে (Outright buy/sell) সম্পাদিত হয়। বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারী সিকিউরিটিজের প্রাইমারী ডিলার ব্যাংকগুলোকে প্রদত্ত Liquidity Support এর প্রক্রিয়াটি সহজতর করার লক্ষ্যে তা Outright buy/sell এর পরিবর্তে নিম্নলিখিত নিয়মাচার পরিপালন সাপেক্ষে Collateralized Repo লেনদেন হিসেবে বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- ১) Collateralized Repo লেনদেন শুধুমাত্র সরকারী সিকিউরিটিজের প্রাইমারী ডিলার ব্যাংকগুলো কর্তৃক বাংলাদেশ ব্যাংক হতে Liquidity Support গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ২) বাংলাদেশ ব্যাংক, ট্রেজারী বিল এবং বন্ডের অভিহিত মূল্যের (face value) উপর যথাক্রমে ১৫% এবং ০৫% মার্জিন প্রয়োগ করে অভিহিত মূল্যের অবশিষ্ট অর্থ Liquidity Support হিসেবে প্রদান করবে।
- ৩) এইরূপ রেপোর বিপরীতে বন্ধকীকৃত সম্পূর্ণ সিকিউরিটি (বাজারমূল্য/অভিহিতমূল্য অনুসারে) দায়যুক্ত (encumbered) বিবেচিত হবে এবং অন্য কোন ক্ষেত্রে জামানত বা সহজে বিনিময়যোগ্য সম্পদ হিসেবে বিবেচিত হবেনা।
- ৪) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৩৮ ধারার প্রথম তফসিলের আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনার ক(৪) নং ক্রমিক বর্ণিত নির্দেশনা অনুসারে Collateralized Repo লেনদেনের বিপরীতে বন্ধকীকৃত সিকিউরিটিজ-এর যথাযথ disclosure প্রদান করতে হবে।
- ৫) এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে আরোপিত অন্যান্য নির্দেশাবলী পরিপালন করতে হবে।

এ নির্দেশনা ০১/০২/২০১২ তারিখ থেকে কার্যকর হবে। রেপো লেনদেন সম্পর্কিত ১৫ জুলাই, ২০১০ তারিখের ডিওএস সার্কুলার নং-০৬ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(কে, এম, গাওছুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬